# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: সৃষ্টিকুলের জন্য রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রয়োজনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: সৃষ্টিকুলের জন্য রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রয়োজনীয়তা

যেহেতু আল্লাহর প্রতি মুখাপেক্ষীতার মর্যাদা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিপূর্ণ করেছেন। সুতরাং সমস্ত সৃষ্টি দুনিয়া ও আখিরাতে তার প্রতি অধিক মুখাপেক্ষী ও অভাবী। দুনিয়াতে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি মানুষের প্রয়োজনীয়তা তাদের পানাহার ও শরীরের জীবন বহনকারী আত্মার চেয়েও অধিক প্রয়োজন। আর আখিরাতে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি মানুষের প্রয়োজনীয়তা হলো, কিয়ামতের দিবসের ভয়াবহ অবস্থা ও কঠিন মুহূর্ত থেকে পরিত্রাণ পাওয়ার জন্য তারা রাসূলদেরকে আল্লাহর কাছে সুপারিশ করার জন্য অনুরোধ করবেন; কিন্তু কোনো রাসূলই কথা বলতে এগিয়ে আসবেন না। তখন শুধু মুহাম্মাদুর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জন্য শাফায়াত করবেন এবং তিনিই সর্বপ্রথম জান্নাতের দরজা খুলবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9756

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন